

দৈনিক ইত্তেফাক

তারিখ
 পৃষ্ঠা ৩ কলাম
 ৩

হল দখলের ঘটনা তদন্তে কমিটি গঠন

বন্দুক যুদ্ধে যাদের ছবি ছাপা হয়েছে তাদের বহিষ্কার করা হবে

ঢাকা ভাসিটির ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ এবং সার্জেন্ট জহরুল হক হল দখল-পাল্টা দখল এবং গোলাগুলির ঘটনা তদন্তে গতকাল বুধবার ৬ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের নয়া প্রক্টর অধ্যাপক নজরুল ইসলামের নেতৃত্বে তদন্ত কমিটিকে ৭ দিনের মধ্যে রিপোর্ট জমা দেয়ার জমা বলা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন জহরুল হক হলের প্রভোস্ট ডঃ এসএম

মাহবুবুর রহমান, জগন্নাথ হলের প্রভোস্ট ডঃ নিমচন্দ্র জৌমিক এবং দুই হলের সিনিয়র হাউজ টিউটর আবুল বাশার, ডঃ অজয় কুমার দাস ও নিজামুল হক ভূইয়া।

এদিকে গতকাল এক সাংবাদিক সম্মেলনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নয়া ভিসি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী বলেন, বন্দুকযুদ্ধে যাদের ছবি পত্রিকায় উঠেছে তাদেরকে বহিষ্কার করা হবে। তাদের (২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

হল দখলের ঘটনা

(প্রথম পৃষ্ঠার পর)

বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৮০ বছরের ইতিহাস হল দখলের নয়। বিশ্ববিদ্যালয়ের গৌরব ধ্বংস হতে চলছে। হৃত গৌরব ফিরিয়ে আনতে হবে। ভিসি বলেন, এমন বিশ্ববিদ্যালয় গড়া হবে যেখানে সেশনজট থাকবে না, থাকবে না অস্ত্রের হানাহানি ও সন্ত্রাস। ছাত্রদের হাতে থাকবে বই, কলম ও খাতা। এক প্রশ্নের জবাবে ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরী বলেন, অভিযোগ পাওয়া গেলে সাবেক ভিসির শিক্ষক নিয়োগ ও আর্থিক দুর্নীতির তদন্ত করা হবে।

ভিসিকে হত্যার হুমকি

গতকাল সকালে নতুন ভিসিকে টেলিফোনে হত্যার হুমকি দেখা হয়েছে বলে অভিযোগ করা হয়েছে। টেলিফোনে বলা হয়, ১ মাসের মধ্যে আপনাকে খুন করা হবে। আপনার ছেলে-মেয়েকে অপহরণ করা হবে। কারণ ক্যাম্পাসে যা ঘটছে তা ঠিক নয়। এ বিষয়ে ভিসি বলেন, সন্ত্রাস নির্মূলের শপথ নিয়ে আমি দায়িত্ব নিয়েছি। যদি আমাকে খুন হতে হয় হব।